আঁখিজল মুছাইলে জননী—
অসীম স্নেহ তব, ধন্য তুমি গো,
ধন্য ধন্য তব করুণা ॥
অনাথ যে তারে তুমি মুখ তুলে চাহিলে,
মলিন যে তারে বসাইলে পাশে—
তোমার দুয়ার হতে কেহ না ফিরে
যে আসে অমৃতপিয়াসে ॥
দেখেছি আজি তব প্রেমমুখহাসি,
পেয়েছি চরণচ্ছায়া ।
চাহি না আর-কিছু— পুরেছে কামনা,
ঘুচেছে হৃদয়বেদনা ॥

---

Parjaay: Puja, Taal: Tritaal, Raag: Ramkeli
Visit www.geetabitan.com for notation and other detail